

বিশেষ বিজ্ঞপ্তি

পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৮ উপলক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনে (চার)টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র প্যাকেজ নীতিমালায় প্রচারের পরিকল্পনা গ্রহণ করেছে। আগামী ১৭.০৫.২০১৮ তারিখ বৃহস্পতিবার পর্যন্ত অফিস সময়ের মধ্যে আগ্রহী চলচ্চিত্র প্রযোজনা সংস্থাকে বর্ণিত চলচ্চিত্রসমূহ রামপুরাস্থ বাংলাদেশ টেলিভিশনের প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক (প্রশাসন)-এর দপ্তরে ডিভিক্যাম ক্যাসেটে জমা দেয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

প্রিভিউ কমিটি কর্তৃক অবলোকনকৃত চলচ্চিত্রসমূহ প্রচারের জন্য বিবেচিত হবে। প্রিভিউ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। আপিলের জন্য কোন প্রকার আবেদন গ্রহণযোগ্য হবে না। পরবর্তীতে এ সকল চলচ্চিত্রসমূহ বিটিভিতে প্রচারযোগ্য বলে বিবেচিত হবে না।

পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রসমূহের ক্যাসেট জমা দেওয়ার সাথে নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে স্বত্বাধিকারী কর্তৃক পূরণ ও স্বাক্ষর করে জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ (টিভি উইং)-এর অনুকূলে ১০,০০০/= (দশ হাজার) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে নির্মাতা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স ও নির্মাতার আয়কর প্রত্যয়ণ পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।

চলচ্চিত্রের নির্মাণশৈলী ও মানের ক্রমানুসারে প্রিভিউ কমিটি প্রচারের দিন ও সময় নির্ধারণ করবে। চলচ্চিত্র গ্রহণ, প্রচার কিংবা বাতিলের সকল ক্ষমতা বাংলাদেশ টেলিভিশন সংরক্ষণ করে।

উল্লেখ্য, ঈদ-উল-ফিতর ২০১৮-এর বিশেষ অনুষ্ঠানমালা প্রচারের সময় বিশ্বকাপ ফুটবল ২০১৮ অনুষ্ঠিত হবে। বাংলাদেশ টেলিভিশন বিশ্বকাপ ফুটবলের বেশ কয়েকটি খেলা সেই সময় সম্প্রচার করবে। তাই ঈদের অনুষ্ঠানমালায় অন্যান্য বৎসরের ন্যায় নাটক, টেলিফিল্ম, সঙ্গীতানুষ্ঠান ও চলচ্চিত্রের গানের অনুষ্ঠান জমা নেয়া সম্ভব হবে না।

আদেশক্রমে
কর্তৃপক্ষ